



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
নগরকান্দা, ফরিদপুর।

স্মারক নম্বরঃ ৪১.০১.২৯৬২.০০০.০৭.০২.২৩.

২৭৮

তারিখঃ ১৪/০৮/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরে বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৪০ তারিখঃ ১০/০৮/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন ১০/০৮/২০২৩ খ্রিঃ হতে ১০/০৯/২০২৩ খ্রিঃ পর্যন্ত mis.bhata.gov.bd/onlineApplication লিংকে গ্রহণ করা হবে। আবেদনের সময় বয়স্ক ভাতার ক্ষেত্রে এন আইডি কার্ডে পুরুষ ৬৫ বছর এবং মহিলা ৬২ বছর বা তদুর্ধ্ব হতে হবে এবং বার্ষিক গড় আয় অনধিক ১০,০০০/- টাকা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচিতে বিধবা মহিলার জন্য স্বামীর মৃত্যু সনদ এবং বার্ষিক গড় আয় অনধিক ১০,০০০/- টাকা হতে হবে। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তির অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা পেয়ে থাকলে তিনি ভাতা প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না। আপনার ইউনিয়নে ব্যাপক প্রচার চালানোর মাধ্যমে অনলাইনে আবেদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদনের সময় অবশ্যই বিকাশ নাম্বার ব্যবহার করতে হবে।

সংযুক্তিঃ ২০২৩-২৪ অর্থবছরে বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদনের নির্দেশনা পত্র।

প্রাপক

চেয়ারম্যান,

.....ইউনিয়ন পরিষদ,
নগরকান্দা, ফরিদপুর।

14.08.23

সৈয়দ ফজলে রাব্বী নোমান
উপজেলা সমাজসেবা অফিসার
নগরকান্দা, ফরিদপুর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা, ফরিদপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নগরকান্দা, ফরিদপুর।
- ৩। অফিস কপি।